"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘোষিত ‘মুজিববর্ষ’ উদযাপনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মপন্থা/কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সায়েদুল ইসলাম সচিব
সভার তারিখ	২৮ এপ্রিল, ২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্মে ভার্চুয়াল পদ্ধতিতে
উপস্থিতি	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং জুম প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সচিব মহোদয় বলেন, ৬ই জানুয়ারি ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সভাপতিত্বে সকল মন্ত্রণালয়ের সচিবদের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ‘মুজিববর্ষ’ উদযাপনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মপন্থা/কর্মসূচি চূড়ান্তকরণে ১৯ এপ্রিল ২০২১ তারিখে আমাদের একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত নেয়া হয়েছিল ২৫/৪/২০২১ তারিখের মধ্যে দপ্তর/সংস্থা তাদের সংশোধিত কর্মসূচি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সিদ্ধান্ত মোতাবেক দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত কর্মসূচি নিয়ে আলোচনা শুরু করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)’কে অনুরোধ করেন।

২। সচিব মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত সচিব বলেন, ১৯/৪/২০২১ তারিখের সভার ১নং সিদ্ধান্ত মোতাবেক দপ্তর/সংস্থা হতে সংশোধিত কর্মসূচি পাওয়া গেছে। ২নং সিদ্ধান্ত মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে পত্র দেয়া হলেও এখনও কোন তথ্যাদি পাওয়া যায়নি। ১৯/৪/২০২১ তারিখের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত সংশোধিত কর্মসূচিসমূহ সভায় উপস্থাপন করা হয়।

৩। মহিলা বিষয়ক অধিদপ্তর মুজিববর্ষ উদযাপনে ০৫টি কর্মসূচি প্রেরণ করেছে। (১) নারী উন্নয়নে নীতি সহায়তা: বঙ্গবন্ধু ভাবনা থেকে আজকের বাস্তবতা শীর্ষক একটি গবেষণাপত্র প্রস্তুত ও প্রকাশ (২) বিন্দু থেকে সিন্ধুঃ জাতির পিতা কর্তৃক ১৯৭২ সালে গঠিত বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড থেকে আজকের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থাসমূহ শীর্ষক একটি ডকুমেন্টারী প্রস্তুত (৩) দুঃস্থ ও পশ্চাদপদ নারীদের কল্যাণে সরকার প্রদত্ত আর্থিক ও বস্তুগত সহযোগিতা: বঙ্গবন্ধুর ভাবনা ও আজকের বাস্তবতা শীর্ষক একটি সেমিনার আয়োজন (৪) নারীর ক্ষমতায়ন: বঙ্গবন্ধু ভাবনা থেকে আজকের অর্জন বিষয়ক শীর্ষক একটি আলোচনা সভা আয়োজন এবং (৫) স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশের নারী: বঙ্গবন্ধুর স্বপ্নযাত্রা থেকে আজকের অর্জন শীর্ষক একটি সাংস্কৃতিক উপস্থাপনা ও ডকুমেন্টারী তৈরীকরণ।

৪। সচিব মহোদয় বলেন, মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রাপ্ত কর্মসূচিসমূহ প্রধানমন্ত্রীর কার্যালয়ে ০৬/১/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের সাথে সাদৃশ্যপূর্ণ। সভায় মহিলা বিষয়ক অধিদপ্তরের দাখিলকৃত সংশোধিত কর্মসূচিসমূহ আলোচনা হয়। আলোচনাক্রমে কর্মসূচি ১, ২, ৫ ঠিক রেখে সেমিনার ও আলোচনা সভা আয়োজন সংক্রান্ত কর্মসূচি ৩ ও ৪

একত্রিতভাবে আয়োজনে সভা একমত পোষণ করেন।

৫। জাতীয় মহিলা সংস্থা প্রাপ্ত মোট ১৩টি কর্মসূচি সভায় উপস্থাপন করা হয়। কর্মসূচিসমূহে জাতীয় মহিলা সংস্থা কি করছে এবং ভবিষ্যতে কি করবে তার রুপরেখা উল্লেখ করেছে। এ প্রসংগে সচিব মহোদয় বলেন, ৬ই জানুয়ারি ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে, বিগত পঞ্চাশ বছরে বাংলাদেশের সফল উন্নয়ন-অভিযাত্রায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন, তাঁর উদ্যোগসমূহ এবং এর উপর ভিত্তি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত কার্যক্রম দেশে ও আন্তর্জাতিক পরিমন্ডলে কার্যকরভাবে উপস্থাপন করা হবে। সেই আলোকে কর্মসূচি প্রেরণ করতে হবে।

৬। বাংলাদেশ শিশু একাডেমি ৫টি কর্মসূচি প্রেরণ করেছে। গত সভার সিদ্ধান্তের আলোকে কর্মসূচি প্রেরণ করা হয়নি মর্মে সভা অভিমত ব্যক্ত করেন। এ প্রসংগে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) জনাব মুহিবুজ্জামান বলেন, ১৯৭৪ সনে শিশু আইন প্রণয়ন, সেই অনুকরণে ১৯৮৯ সনে জাতিসংঘে শিশু অধিকার সনদ, ২০১২ সনে জাতীয় শিশুনীতি প্রণয়ন, ২০১৮ সনে শিশু একাডেমি প্রণয়ন এবং বিভিন্ন দিবস কেন্দ্রীক কার্যক্রম, বঙ্গবন্ধুর জন্মদিন ১৭ই মার্চ জাতীয় শিশু দিবস ঘোষণা ইত্যাদি বিষয়গুলো নিয়ে গবেষণা পত্র, সেমিনার অয়োজন বিষয়ক কর্মসূচি গ্রহণ করতে হবে। সচিব মহোদয় বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী নিয়ে জাতীয় ও আন্তর্জাতিকভাবে শিশু একাডেমির অনেকগুলো প্রোগ্রাম করার সুযোগ আছে। এপিসি প্রকল্পের অনেক অর্জন যা কর্মসূচির অন্তর্ভূক্ত হতে পারে।

৭। জয়িতা ফাউন্ডেশন ১৪টি কর্মসূচি প্রেরণ করেছে। কর্মসূচিসমূহ সভায় উপস্থাপন করা হয়, যা জয়িতা ফাউন্ডেশনের রুটিন কাজ হিসেবে বিবেচিত। প্রধানমন্ত্রীর কার্যালয়ে ০৬/১/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন, তাঁর উদ্যোগসমূহ এবং এর উপর ভিত্তি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত কার্যক্রমের আলোকে পুনরায় সংশোধিত কর্মসূচি প্রেরণে ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করা হয়। আগামী ২৯/৪/২০২১ তারিখের মধ্যে জয়িতা ফাউন্ডেশন ডকুমেন্টরী, গবেষণাপত্র, সেমিনার আয়োজন বিষয়ে সংশোধিত কর্মসূচি প্রেরণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।

৮। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের দাখিলকৃত ৫টি কর্মসূচির মধ্যে ক্রমিক ১, ২, ৫ ঠিক রেখে সেমিনার ও আলোচনা সভা আয়োজন সংক্রান্ত কর্মসূচি ৩ ও ৪ একত্রে গ্রহণ করা যেতে পারে।
(খ) ৬ই জানুয়ারি ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোক জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশন ২৯/৪/২০২১ তারিখের মধ্যে সংশোধিত কর্মসূচি প্রেরণ করবে।
(গ) দপ্তর/সংস্থা হতে সংশোধিত কর্মসূচি প্রাপ্তির পর পর্যালোচনা করে মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্ত করা হবে।

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সায়েদুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৯.৯৯.০৩৪.২০.৩৪৫ তারিখ: ১৮ বৈশাখ ১৪২৮

০১ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব (সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।

৩) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।

৪) উপসচিব (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৭) সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান(সকল)/প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৮) সহকারী সচিব (সকল)/সহকারী প্রোগ্রামার/লাইব্রেরীয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব